রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ৩০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৩২.০০০৮.২১.৭৫—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ অনুযায়ী যমুনা ইলেকট্রনিক্স এন্ড অটোমোবাইলস লিঃ (Jamuna Electronics & Automobiles Limited), গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার সফিপুর ইউনিয়নের সিনাবহ মৌজা এর নিম্নবর্ণিত তফসিলভুক্ত ভূ-সম্পত্তিকে পত্রে বর্ণিত শর্তসাপেক্ষে “বেসরকারি হাই-টেক পার্ক” ঘোষণা করা হলো :

| | | |
|---|---|---|
| পার্কের নাম | যমুনা ইলেকট্রনিক্স এন্ড অটোমোবাইলস লিঃ (Jamuna Electronics & Auttomobiles Limited) | |
| পার্কের অবস্থান | জেলা | গাজীপুর |
| | উপজেলা | কালিয়াকৈর |
| | ইউনিয়ন | সফিপুর |
| | মৌজা | সিনাবহ |
| মোট জমির পরিমাণ | ১৬৬৭.৫০ শতাংশ | |

**জমির তফসিল**

| দলিল নং | আর. এস. খতিয়ান নং | আর. এস. দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ৫২৫৪ | ৪ | ২১৬ | ২৫.৫০ শতাংশ |
| ১২২৬ | ১৪১ | ২১৮ | ৪১.০০ শতাংশ |
| ৭৭৩০ | ৯৭ | ২১৯ | ৫০.০০ শতাংশ |
| ১০৫৮৪ | ৯৮ | ২২০ | ৩৬.৫০ শতাংশ |
| ১২২৬ | ৮০ | ২২১ | ৬৩.০০ শতাংশ |
| ১৪২২৫ | ৬৪ | ২২২ | ৫৭.০০ শতাংশ |
| ১৪২০২ | ১৮ | ২২৪ | ২৬.০০ শতাংশ |
| ৮১৪৩ | ১৫৯ | ২২৫ | ৩৪.০০ শতাংশ |
| ২১৭ | ১৫৯ | ২২৫ | ০৪.০০ শতাংশ |
| ৭৭৩০ | ৯৭ | ২২৬ | ২৯.০০ শতাংশ |
| ১৬৩৯৩ | ১৪০ | ২২৭ | ৪১.০০ শতাংশ |
| ৮১৪৩ | ৯৮ | ২২৮ | ৬৬.৫০ শতাংশ |
| ১০৫৯৮ | ৯৮ | ২২৮ | ১৯.৫০ শতাংশ |
| ১১৭৭২ | ৯৮ | ২২৮ | ০৬.০০ শতাংশ |
| ৮১৪৩ | ৯৭ | ২২৯ | ১৮.০০ শতাংশ |
| ৮১৪৩ | ৯৮ | ২৩২ | ৫৯৩.০০ শতাংশ |
| ৮১৪৩ | ৯৮ | ২৩৩ | ২৭.০০ শতাংশ |
| ৫৬৭৫ | ৯৭ | ২৩৪ | ২৩.০০ শতাংশ |
| ৫৬৭৫ | ১০৪/১৪১ | ২৩৫ | ২২৩.০০ শতাংশ |
| ৭৭৩০ | ৯৭ | ২৩৬ | ৬৮.০০ শতাংশ |
| ৫৬৭৫ | ১০৪/১৪১ | ২৪২ | ১০.০০ শতাংশ |
| ৭৭৩০ | ৯৭ | ২৪৯ | ১৪.৫০ শতাংশ |
| ৭৭৩০ | ৯৭ | ২৫১ | ৬১.০০ শতাংশ |
| ১০৫৯৮ | ৯৮ | ২৫৮ | ২০.০০ শতাংশ |
| ১১৭৭২ | ৯৮ | ২৫৮ | ০৫.০০ শতাংশ |

| দলিল নং | আর. এস. খতিয়ান নং | আর. এস. দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ১১০৫১ | ৯৮ | ২৬১ | ১২.০০ শতাংশ |
| ১৫২১২ | ৯৮ | ২৬১ | ৫৪.০০ শতাংশ |
| ১৬৩৯৩ | ৯৮ | ২৬১ | ৪০.০০ শতাংশ |
| | | মোট = | **১৬৬৭.৫০ শতাংশ** |

শর্তসমূহ:

১) Jamuna Electronics & Automobiles Limited বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫, এ সংক্রান্ত প্রণীত গাইডলাইনসহ সরকার কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত বিধি-বিধান বা নির্দেশনাবলি প্রতিপালন করতে বাধ্য থাকবে;

২) Jamuna Electronics & Automobiles Limited উপর্যুক্ত তফসিলভুক্ত জমিতে সম্পূর্ণ বা কোনো অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা বিক্রয় বা বরাদ্দ বা স্থানান্তর করতে পারবে না;

৩) Jamuna Electronics & Automobiles Limited সরকার কর্তৃক নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমে জড়িত হতে পারবে না;

৪) Jamuna Electronics & Automobiles Limited কর্তৃক আবেদনপত্রের সাথে দাখিলকৃত আইনগত দলিলাদি বা কোনো তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই অনুমতিপত্র/নবায়নপত্র প্রত্যাহার করতে পারবে;

৫) পার্কের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত নিয়ম-কানুন যথাযথ প্রতিপালন করতে হবে;

৬) অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকে থাকার সামর্থ্য এবং সামাজিক উপযোগিতা নিশ্চিত করতে হবে;

৭) রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ডে এবং দেশের স্বার্থবিরোধী কোনো কাজে পার্ককে ব্যবহার করা যাবে না;

৮) পার্কের পরিবেশ সুরক্ষার জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে ;

৯) শ্রমিকদের ন্যায্য মজুরিসহ অন্যান্য মৌলিক সুবিধা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০) পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে অনুমতিপত্রধারী এখতিয়ার থাকবে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্রধারীকে ঘোষিত পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে সার্বিক সহায়তা প্রদান করবে;

১১) পার্কে উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, প্রসারসহ অর্থনৈতিক ও আর্থিক সফলতা ও ব্যর্থতা পার্ক অনুমতিপত্রধারীর উপর বর্তাবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কোনো প্রকার দায়ভার গ্রহণ করবে না;

১২) পার্কে বিনিয়োগের পরিমাণ ও কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে, যা এতদ্‌সংক্রান্ত কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে;

১৩) পার্কে উৎপাদিত পণ্যের মানের সঠিকতা বজায় রাখতে হবে এবং পণ্য উৎপাদনে নিত্য নতুন প্রযুক্তিগত ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

১৪) সকল আইনগত দলিলাদি নিয়মিত হালনাগাদ রাখতে হবে;

১৫) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লাইসেন্স ফি যথাসময়ে পরিশোধ করতে হবে;

১৬) কর্মীদের নির্ধারিত ড্রেসকোডসহ কারখানার উন্নত কর্মপরিবেশ বজায় রাখতে হবে;

১৭) ব্যাংক কর্তৃক ঋণখেলাপি ঘোষিত হলে এবং উপর্যুক্ত শর্তসমূহ লঙ্ঘন করলে অথবা এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে তদন্তসাপেক্ষে এই অনুমতিপত্র/নবায়নপত্র বাতিল করা হবে;

১৮) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যে কোনো সময় এই ঘোষণাপত্র বতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

০২। এতদ্বারা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের গত ১৮-১২-২০২৪ তারিখের ৫৬.০০.০০০০.০৫৬.৩২.০০৮.২১. ১৪৮ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত SRO-৩৫২ (আইন/আয়কর- ২০১৮; ২৯/১১/২০১৮) এর আওতায় প্রযোজ্য সুবিধাদি প্রাপ্তির লক্ষ্যে Jamuna Electronics & Automobiles Ltd.-কে বেসরকারি হাই-টেক পার্ক হিসেবে ঘোষণা ভূতাপেক্ষভাবে ১৮-০৫-২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মো. আবু নাছের**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd